

রাবিতে ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষ, আহত ৩

রাবি প্রতিনিধি

১২ মে, ২০২৪
০২:৪১

শেয়ার

অ +

অ -



ছবি: কালের কণ্ঠ

গেষ্ট রুমে বসা নিয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) শাখা ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ হয়েছে। শনিবার (১১ মে) রাত ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের হোসেন শহীদ সোহরাওয়ার্দী হলে এ সংঘর্ষের সূত্রপাত হয়। এ সময় ৬টি ককটেল বিস্ফোরণের আওয়াজ পাওয়া যায়। দুই পক্ষের ইট-পাটকেল ছুড়াছুড়িতে তিনজন আহত হয়।

পরে বিশ্ববিদ্যালয় প্রশাসনের উপস্থিতি ও আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েনের পর পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। প্রতিবেদন লেখা পর্যন্ত দুই গ্রুপের অনুসারীরা এখনো ক্যাম্পাসেই অবস্থান করছেন।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, শনিবার রাত ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের হোসেন শহীদ সোহরাওয়ার্দী হলে শাখা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও হল সভাপতি নিয়াজ মোর্শেদের সঙ্গে গেস্ট রুমে বসা নিয়ে ঝামেলা বাধে রাবি শাখা ছাত্রলীগের সভাপতি মোস্তাফিজুর রহমান বাবু ও সাধারণ সম্পাদক আসাদুল্লা-হিল-গালিবের অনুসারীদের। পরে দুই পক্ষের অনুসারীদের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে।

শেষে দুই পক্ষ মুখোমুখি অবস্থান নিয়ে ইট-পাটকেল ছুড়াছুড়ি করে। এ সময় নেতাকর্মীদের হাতে দেশীয় অস্ত্র দেখা যায়।